## বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়ার আয়োজনে

# সিডনিতে জাতীয় শোক দিবস পালিত




বক্তব্য রাখছেন বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ইয়াফেস ওসমান

পি এস চুন্নু, সিডনি ঃ গত ২৯ আগষ্ট সন্ধ্যায় বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে সিডনিস্থ বোটানি টাউন হলে এক আলোচনা ও স্মরন সভার আয়োজন করে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামীলীগ কেন্দ্রিয় কমিটির সাংগাঠনিক সম্পাদক আ.ফ.ম বাহাউদ্দিন নাছিম এবং প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রতিমন্ত্রী আর্কিটেক্ট ইয়াফেস ওসমান। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়ার সভাপতি ব্যারিস্টার সিরাজুল হক।

অনুষ্ঠানের শুরুতে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালনের মধ্যদিয়ে জাতির জনক বঙ্গবন্ধুসহ ১৫ আগষ্টে শাহাদাত বরনকারী সকল শহীদানের আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। সভায় স্বাগত বক্তব্য রাখেন মোহাম্মদ আলী শিকদার।

প্রধান আলোচক মাননীয় মন্ত্রী ইয়াফেস ওসমান বলেন, বর্তমান মহাজোট ক্ষমতায় আসার পর যেভাবে বঙ্গবন্ধুর স্বঘোষিত হত্যাকারীদের বিচারের রায় বাস্তবায়ন করা হয়েছে ঠিক তেমনি নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী যুদ্ধাপরাধীদের বিচার করা হবে। তিনি শোককে শক্তিতে রুপান্তরিত করে শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ গঠনে সকলকে একযোগে কাজ করার আহবান জানান। সকলের উদ্দেশ্যে তার রচিত ২টি কবিতা পাঠ করেন।

প্রধান অতিথি আ.ফ.ম বাহাউদ্দিন নাছিম বক্তব্যের শুরুতে জাতির জনক বঙ্গবন্ধুসহ ১৫ আগস্টের সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, এ ধরনের নৃশংস ও পৈশাচিক হত্যাকন্ড পৃথিবীতে বিরল। বাংলাদেশের যিনি স্থপতি, যিনি একটি রাষ্ট্রের জন্ম দেওয়ার জন্য নিজের জীবনবাজি রেখে সংগ্রাম করেছেন- তার হত্যাকান্ডের বিচারে বাধা হয়ে দাড়িয়েছিলো রাষ্ট্রীয় আইন। তথাকথিত ইনডেমনিটি বিলের মাধ্যমে হত্যাকান্ডকে জায়েজ করার চেষ্টা করা হয়েছিলো।কিন্তু ৩৫ বছর পরে হলেও বঙ্গবন্ধুর স্বঘোষিত হত্যাকারীদের বিচার হয়েছে।

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com



মোহাম্মদ আলী শিকদার



ড. নিজাম উদ্দিন



কাউন্সিলর প্রবীর মৈত্র



শেখ শামীমূল হক



পি এস চুন্নু



ব্যারিস্টার সিরাজুল হক



প্রধান অতিথি বাহাউদ্দিন নাছিম



প্রতিমন্ত্রী ইয়াফেস ওসমান

যুদ্ধাপরাধীদের বিচার শুরু হয়েছে এবং বর্তমান সরকারের আমলেই এ বিচার সম্পন্ন হবে। তিনি প্রবাসে বঙ্গবন্ধুর আদর্শের অনুসারী সকলকে একই পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান।
আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বীরমুক্তিযোদ্ধা রবিন বনিক,কাউন্সিলর প্রবীর মৈত্র,শেখ শামীমূল হক, ড. নিজাম উদ্দিন, লাভলী রহমান ও প্রবীণ নেতা গামা আব্দুল কাদির। অনুষ্ঠানটি পরিচালনা করেন বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়ার সাধারন সম্পাদক পি এস চুন্নু।

সবশেষে অনুষ্ঠানের সভাপতি ব্যারিষ্টার সিরাজুল হক বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে সকলকে বঙ্গবন্ধুর লালিত স্বপ্ন অসাম্প্রদায়িক, গনতান্ত্রিক ও শোষনমুক্ত সোনার বাংলা গঠনে একতাবদ্ধ হয়ে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। অনুষ্ঠানে উপস্থিত সকলকে ইফতার ও নৈশভোজে আপ্যায়িত করা হয়।

এ অনুষ্ঠানকে সফল করতে যারা সার্বিক সহযোগিতা করেছেন তারা হলেন আওয়ামীলীগ অস্ট্রেলিয়ার প্রধান উপদেষ্টা গামা আব্দুল কাদির,সহ-সভাপতি গাউসুল আলম শাহজাদা, দপ্তর সম্পাদক আব্দুল বারেক খাঁন, প্রচার সম্পাদক লিয়াকত আলী লিটন, এহসান কবির সহ-সাংগাঠনিক সম্পাদক মোহাম্মদ আলী শিকদার, সাদেকুর রহমান ও মোসলেহুর রহমান খুশবু প্রমুখ।

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com



প্রধান অতিথি বাহাউদ্দিন নাছিম বক্তব্য রাখছেন


অনুষ্ঠানে উপস্থিত সুধীজনের একাংশ

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com